



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ১৭/০৮/২০১৭খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ফ্রি ওয়াই-ফাই সুবিধা চালু

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ফ্রি ওয়াই-ফাই সুবিধা উন্মুক্ত করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের রূপকার জনাব সজীব ওয়াজেদ জয় ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের অংশ হিসেবে তথ্য ও প্রযুক্তিকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দৌড়গোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক অদ্য ১৭ আগস্ট ২০১৭ তারিখ অপরাহ্নে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-২ এর নিচ তলায় ফ্রি ওয়াই-ফাই জোনের উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, নেটওয়ার্ক এন্ড আইটি দপ্তরের পরিচালক ও সিএসই বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, ফিন্যান্স এন্ড ব্যাকিং বিভাগের চেয়ারম্যান মো. ইব্রাহীম মোল্লা, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুব্রত কুমার দাস, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. হাফিজ আশরাফুল হক, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের প্রভাষক ইশরাত জাহান সঞ্চরী, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক মো. মাসুম সিকদারসহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থী এবং নেটওয়ার্ক এন্ড আইটি দপ্তরের কর্মকর্তারা। এখন থেকে ববির শিক্ষার্থীরা এই ওয়াই-ফাই জোনের আওতায় ফ্রি ওয়াই-ফাই সুবিধা উপভোগ করতে পারবেন। উল্লেখ্য যে, পর্যায়ক্রমে পুরো বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকেই ওয়াই-ফাই জোনের আওতায় আনা হবে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতোমধ্যেই নানা পদক্ষেপ গ্রহণ করেছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস